# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-২৭. আল্লাহর পথে পাহারা (মুরাবাতাহ)

আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেছেন

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اصْبِرُوا وَصَابِرُوا وَرَابِطُوا

“হে ঈমানদারগণ! ধৈর্যের পথ অবলম্বন কর, বাতিলের মুকাবেলায় দৃঢ় থাকো এবং শত্রুর মুকাবেলায় সদাপ্রস্তুত থাকো।[১]

সহীহ আল বুখারীতে সাহল ইবনু সা'দ সাঈদী (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, আল্লাহর রাসূল (সা.) বলেছেন,

رباط يوم في سبيل الله خير من الدنيا وما فيها وموضع سوط أحدكم من الجنة خير من الدنيا وما عليها

‘আল্লাহর পথে একদিন পাহারা দেয়া পৃথিবী এবং তার মধ্যস্থিত সবকিছু থেকে উত্তম। তোমাদের কারও একটি চাবুক রাখতে যে জায়গাটুকু লাগে জান্নাতের সেই জায়গাটুকু গোটা পৃথিবী ও তার মধ্যস্থিত সবকিছু থেকে উত্তম।

সংগ্রাম (জিহাদ) কিংবা লড়াই (কিতাল)-এর সময় একটি দিন কিংবা একটি রাত শত্রুর মুকাবেলায় পাহারায় কাটানো, মাসজিদে ই'তিকাফে বসে সারাক্ষণ নামাযরত অবস্থায় থাকার চেয়ে উত্তম।

## ফুটনোট

[১]. সূরা আলে ইমরান, আয়াত : ২০০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12325

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন